# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৩৩০

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (كتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৩৯. জান্নাতের বর্ণনা

بَاب صِفَةِ الْجَنَّةِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ مَنْظُورٍ، حَدَّثَنَا أَبُو حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " مَوْضِعُ سَوْطٍ فِي الْجَنَّةِ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا " .

বাংলা

৩/৪৩৩০। সাহল ইবনে সাদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জান্নাতের এক চাবুক পরিমাণ জায়গা, পৃথিবী ও তার মধ্যকার সবকিছু থেকে উত্তম।

## English

It was narrated from Sahl bin Sa’d that the Messenger of Allah (ﷺ) said: “A place the size of a whip in Paradise is better than this world and everything in it.”

ফুটনোট

সহীহুল বুখারী ২৮৯২, ৩২৫০, তিরমিযী ১৬৪৮, আত-তালীকুর রাগীব ৪/২৭৭। তাহকীক আলবানীঃ সহীহ। যাকারিয়্যা মানযুর সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু আহমাদ আল-আসকারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু বিশর আদ-দাওলাবী বলেন, তিনি সিকাহ নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৯৯৬, ৯/৩৬৯ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু যাকারিয়্যা মানযুর এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৮১ টি শাহিদ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ২৭৯৩, ৩২৫০, ৬৪১৫, তিরমিযি ৩০১৩, দারিমী ২৮২০, আহমাদ ২৭৩৮৪,

৯৩৬৫, ২৭২৮৯, ৯৯০০, ১২১৯২, ১৫১৩৬, ১৫১৩৯, ২২২৯০, মু'জামুল আওসাত ৮০৪২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন